



বিশ্ব মানবিক দিবস, ১৯ আগস্ট ২০২৩

জরুরী পরিস্থিতিতে মানবিক কাজে নিয়োজিত সংগঠনগুলো মানুষের পাশে দাঁড়ায়
স্থানীয় সংগঠন শক্তিশালীকরণ ও কর্মীদের অবদানের স্বীকৃতি দিতে হবে

কেন বিশ্ব মানবিক
দিবস পালন করা হয়?

- জরুরি পরিস্থিতি ও দুর্যোগ মোকাবেলা
- মানবিক কর্মকাণ্ডে নিয়োজিত কর্মী
- ভিন্নমত, রাজনৈতিক মত-পার্থক্য, ঘৃণা এবং হিংসা
- কর্মীদের অবদানের জন্য চাই স্বীকৃতি, ও শ্রদ্ধা ও সহনশীলতা

মানবিক কর্মীরা
রয়েছেন গভীর সংকটে

- ২০২১ সালে ৪৬০ জন এইড ওয়ার্কার বিভিন্ন সময়ে আক্রমণের শিকার হয়েছেন।
- এর মধ্যে ১৪০ জন মৃত্যু বরণ করেন।
- যার মধ্যে ৯৮% হলেন স্থানীয় সংগঠনগুলোর কর্মী।
- ২০৩ জন আহত হন
- কিডন্যাপ হন ১১৭ জন।



স্থানীয় সংগঠন ও মানবিক কর্মীরা কেন গুরুত্বপূর্ণ?

স্থানীয় সংগঠন ও তাদের কর্মীরা প্রায় সময়ই দুর্যোগে প্রথম সাড়াদানকারী।

যথাযথ ও সঠিক সময়েই তারা ঝাঁপিয়ে পড়ে।

এ সংগঠনগুলো কমিউনিটি থেকে উদ্ভূত এবং কমিউনিটির প্রতি দায়বদ্ধ।

এরা স্থানীয় সমাজের অংশ, তাই স্থানীয় ভাষা, সংস্কৃতি, রীতিনীতি ও সরকার ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে পূর্ণ অবগত।

দুর্যোগে আক্রান্ত কমিউনিটিতে তাদের পরিচিতি থাকায় সহজেই তাদের আস্থাভাজন হন এবং তাদের ভেতরে ঢুকে যেতে পারেন।

স্থানীয় সংগঠনের এই কর্মীরা বরাবরই থাকেন অবহেলিত ও উপেক্ষিত।



স্থানীয় নেতৃত্বের বিকাশ কেন জরুরী?

দ্রুততম সময়ে স্থানীয় সংগঠনগুলোই
দুর্যোগে আক্রান্ত মানুষের পাশে দাঁড়ায়।

কোভিড-১৯ আমাদের কি শিক্ষা দিল?

স্থানীয় সংগঠনগুলোর অপারেশনাল খরচ
নিতান্তই কম।

অধিক সংখ্যক দুর্যোগে আক্রান্ত মানুষকে
সহায়তা প্রদান করা সম্ভব।



আমরা কি তাহলে স্থানীয় নেতৃত্ব বিকাশে কাজ করছি?

- স্থানীয়করণই (Localization) হলো যথাযথ প্রক্রিয়া।
- “গ্রান্ড বাগেইন” চুক্তি।
- ২৫% তহবিল সহায়তা প্রদানের অঙ্গীকার।
- প্রতিশ্রুতি ও বাস্তবায়নের ফারাক।

বিশ্ব মানবিক দিবসে আমাদের সুপারিশ

মানবিক কর্মকাণ্ডে নিয়োজিত স্থানীয় কর্মীদের অধিকার ও মর্যাদা রক্ষায় সকলকে কাজ করতে হবে। ভিন্ন মত-পার্থক্য বা বিশ্বাসের জেরে তাদেরকে টার্গেটে পরিণত করা যাবে না।

স্থানীয় সংগঠনগুলোর সাথে পার্টনারশীপ এবং প্রকল্প তৈরির সময় দাতাদেরকে সচেতন থাকতে হবে যেন স্থানীয় আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় প্রকল্পের কর্মীরা ন্যায্য বেতন, সুযোগ-সুবিধা, লাইফ ইনসুরেন্স ইত্যাদি থেকে বঞ্চিত না হয়।

গ্রান্ড বাগেইন-এ প্রতিশ্রুতি দাতাদের ২৫% তহবিল স্থানীয় সংগঠনগুলোকে প্রদানের রোডম্যাপ ঘোষণা করতে হবে।

মানবিক কর্মকাণ্ডে নিয়োজিত স্থানীয় কর্মীদের যথাযথ নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

স্থানীয় পর্যায়ে দ্রুত সাড়া দানের ক্ষেত্রে স্থানীয় সংগঠন ও নেতৃত্বের বিকাশ ঘটতে হবে। স্থানীয় সংগঠনগুলোকে শক্তিশালী করতে হবে। সেক্ষেত্রে পার্টনারশীপ তৈরির সময় দাতা সংস্থা কর্তৃক কখন ও কিভাবে এই বিষয়গুলো করা হবে তার উল্লেখ থাকতে হবে।

ধন্যবাদ

